

“ছেলে হোক, মেয়ে হোক,  
দু’টি সন্তানই যথেষ্ট”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিবার পরিকল্পনা অধিদপ্তর  
৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫  
www.dgfp.gov.bd



নং: ৫৯.১১.০০০০.১৫২.১৯.১১০.২০- ০২২৬


তারিখ: ২২/০৪/২০২১

**কর্মরত চিকিৎসক কর্মকর্তাদের তথ্য (খসড়া) সম্পর্কিত বিজ্ঞপ্তি**

‘বাংলাদেশ সিভিল সার্ভিস (পরিবার পরিকল্পনা) গঠন ও ক্যাডার আদেশ, ২০২০’ (সংশোধিত মার্চ/২০২১) এর সিডিউলে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ১,১২০টি (এক হাজার একশত বিশ) চিকিৎসক কর্মকর্তার পদে বিভিন্ন সময়ে নিয়োগপ্রাপ্ত ও বর্তমানে কর্মরত চিকিৎসক কর্মকর্তাদের ক্যাডার পদে অন্তর্ভুক্তির লক্ষ্যে পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন কর্মরত চিকিৎসক কর্মকর্তাদের চাকরি সংক্রান্ত তথ্যাদির খসড়া তালিকা প্রকাশ করা হলো।

০২। প্রণীত খসড়া তালিকার বিষয়ে সংশ্লিষ্ট চিকিৎসক কর্মকর্তাদের আপত্তি, অভিযোগ, পরামর্শ (যদি থাকে) এবং কোন চিকিৎসক কর্মকর্তার নাম বাদ পড়ে থাকলে নাম অন্তর্ভুক্তির আবেদন বিজ্ঞপ্তি প্রকাশের ০৫ (পাঁচ) দিনের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রমাণকসহ নিম্নস্বাক্ষরকারী বরাবর লিখিতভাবে (dgfpper1@gmail.com) ইমেইল ঠিকানায় আবশ্যিকভাবে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত সময়ের মধ্যে মতামত/তথ্য পাওয়া না গেলে ধরে নেওয়া হবে যে, উল্লিখিত তালিকার ওপর কারও কোন আপত্তি, অভিযোগ ও পরামর্শ নেই।

মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদনক্রমে।

  
(মোঃ হেমায়েৎ হুসেন)  
অতিরিক্ত সচিব ও  
পরিচালক (প্রশাসন)  
ফোন: ০২-৫৫০১২৩৪২

অনুলিপি- (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে):

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। পরিচালক/লাইন ডাইরেক্টর (সকল)..... পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
- ৩। পরিচালক, পরিবার পরিকল্পনা (সকল), .....বিভাগ।
- ৪। পরিচালক, এমসিএইচটিআই, আজিমপুর/এমএফএসটিসি, মোহাম্মদপুর/এমসিএইচটিআই, লালকুঠি, ঢাকা।
- ৫। অতিরিক্ত পরিচালক (ড্রাগস এন্ড স্টোরস), কেন্দ্রীয় পণ্যাগার, মহাখালী, ঢাকা।
- ৬। উপপরিচালক, পরিবার পরিকল্পনা (সকল), .....।
- ৭। অধ্যক্ষ, পরিবার কল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণ প্রতিষ্ঠান, আজিমপুর, ঢাকা।
- ৮। মহিলা সহকারী সার্জন, এমসিএইচ ইউনিট, আরপিটিআই, রাজশাহী/বরিশাল।
- ৯। জনাব বৈশাখী চৌধুরী, সহকারী মেইন্টেনেন্স ইঞ্জিনিয়ার, এমআইএস ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১০। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।